# মুখতাসার যাদুল মা‘আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়্যিম (রহঃ)

সফর থেকে ফেরত এসে গৃহে প্রবেশের পূর্বে যা করণীয়

নাবী (ﷺ) আগাম সংবাদ না দিয়ে হঠাৎ করে গৃহে প্রবেশ করতেন না। বরং তিনি সফর থেকে আগমণের সংবাদ আগেই জানিয়ে দিতেন। ঘরে প্রবেশের সময় গৃহবাসীকে সালাম দিতেন। প্রথমেই তিনি মিসওয়াক করতেন। তাদের অবস্থা জিজ্ঞেস করতেন। কখনও তিনি জিজ্ঞেস করতেনঃ তোমাদের কাছে খাবার কিছু আছে কি? কখনও তিনি কিছু না বলে চুপ থাকতেন। ইতিমধ্যেই খানা উপস্থিত করা হত।

ঘরে প্রবেশের সময় তিনি বলতেন-

بِسْمِ اللهِ وَلَجْنَا وَبِسْمِ اللهِ خَرَجْنَا وَعَلَى اللهِ رَبِّنَا تَوَكَّلْنَا

‘‘আল্লাহর নামে প্রবেশ করলাম। আল্লাহর নামেই বের হয়েছিলাম। আর আমাদের প্রভু আল্লাহর উপরই ভরসা করলাম’’।[1]

## ফুটনোট

[1]. আবু দাউদ, আলএ, হা/৫০৯৫, যঈফ: আলবানী রহঃ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3872

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন